# অর্থ সম্পর্কে উদ্বিগ্ন?

## এনফিল্ডে সহায়তা পাওয়া যায়



## সাহায্য পাওয়ার জন্য বিকল্প এবং স্থানগুলি খুঁজে পাওয়ার তিনটি ধাপ

## ধাপ 1: সমস্যাটা কী?

### হঠাৎ আমার কাছে অর্থ নেই

- চাকরি হারানো বা কাজের ঘন্টা কমে যাওয়া
- টাকা বন্ধ হয়ে গেছে
- টাকা হারানো
- অপ্রত্যাশিত ব্যয়
- দুর্যোগ (যেমন বন্যা বা আগুন)
- সম্পর্কে ভাঙ্গন
- নিষেধাজ্ঞার অধীন (বিকল্প: 5 দেখুন)

বিকল্প 1 2 6 দেখুন

### আমার অর্থ যথেষ্ট নয়

- খাদ্য, জ্বালানি এবং মোবাইল ক্রেডিট এর মধ্যে সিদ্ধান্ত নেওয়াা
- কম আয়
- শূন্য ঘন্টার চুক্তি
- বিধিবদ্ধ অসুস্থতাকালীন বেতন খুব কম
- ছাঁটাইয়ের সম্মুখীন হওয়া
- সহায়তার জন্য যোগ্য কিনা তা নিশ্চিত নয়
- পরিস্থিতির পরিবর্তন

বিকল্প 1 2 দেখুন

### আমার ঋণ আছে

- ভাড়া বা কাউন্সিল ট্যাক্স
- গ্যাস এবং বিদ্যুৎ
- পে-ডে লোন
- বন্ধু বা পরিবারের কাছে ঋণী
- বেনিফিট পরিশোধ

বিকল্প 3 দেখুন

### আমি একটি বেনিফিটের অর্থপ্রদান বা অগ্রিম অর্থপ্রদানের জন্য অপেক্ষা করছি

- বেনিফিটের জন্য নতুন দাবি
- অর্থপ্রদান বিলম্বিত
- সিদ্ধান্তের জন্য অপেক্ষারত

বিকল্প 1 4 দেখুন

## ধাপ 2: কিছু বিকল্প কী?

### 1 কাউন্সিল সাপোর্ট স্কিম

কর্মক্ষম বয়সের এবং স্বল্প আয়ের যে কেউ ইউনিভার্সাল ক্রেডিট পাওয়ার জন্য যোগ্য হতে পারেন। আপনার পরিস্থিতির উপর নির্ভর করে আপনি **হাউসিং বেনিফিট** দাবি করার অধিকারী হতে পারেন। আপনার আয় যদি কম হয় এবং আপনার কাউন্সিল ট্যাক্স দিতে সমস্যায় পড়েন, তাহলে **কাউন্সিল ট্যাক্স** সহায়তার জন্য আবেদন করার জন্য, অনুগ্রহ করে আপনি যে বরোতে থাকেন তার সাথে যোগাযোগ করুন। আপনি যদি উপরিউক্ত পান এবং তবুও সমস্যায় পড়েন, তাহলে আপনি একটি **বিবেচনামূলক অর্থপ্রদানের জন্য যোগ্য হতে পারেন।**

আরও জানুন এখানে: **www.enfield.gov.uk/financialhardship**

### 2 আপনার আয় সর্বাধিক করুন

আর্থিকভাবে সংগ্রাম করছেন এমন যে কেউ বেনিফিট যাচাই করাতে পারেন এবং বিনামূল্যে ও গোপনীয় পরামর্শের জন্য একজন উপদেষ্টার সাথে কথা বলতে পারেন। একটি বেনিফিট যাচাই নিশ্চিত করতে পারে যে আপনি যে সমস্ত অর্থ পাওয়ার অধিকারী তা আপনি পাচ্ছেন, বিশেষ করে যদি আপনার পরিস্থিতি সম্প্রতি পরিবর্তিত হয়ে থাকে। একজন উপদেষ্টার সাথে কথা বললে, আপনার গ্যাস এবং বিদ্যুতের মতো জিনিসগুলিতে সস্তা ডিল খুঁজে পেতে সাহায্য হতে পারে এবং তা নিশ্চিত করতে সহায়তা করতে পারে যে আপনি বিনামূল্যে স্কুলের খাবারের মতো জিনিসগুলির সুযোগ হারাচ্ছেন না।

### 3 ঋণ বিষয়ক পরামর্শ

যে কেউ ঋণগ্রস্ত হয়ে পড়তে পারেন। বিনামূল্যে পরামর্শ ও সহায়তা আপনাকে আপনার ঋণ সামলানোর উপায়গুলি খুঁজে পেতে এবং প্রতি মাসে আপনি যে পরিমাণ পরিশোধ করেন তা কমাতে সাহায্য করতে পারে।

### 4 বেনিফিটের অগ্রিম অর্থপ্রদান

আপনি যদি বেনিফিটের জন্য একটি নতুন দাবি করে থাকেন এবং আপনার প্রথম অর্থপ্রদানের জন্য অপেক্ষা করার সময় আর্থিক অসচ্ছলতার মধ্যে থাকেন, তাহলে আপনি ভাড়া বা খাবারের মতো জিনিসগুলির খরচ বহন করার জন্য একটি অগ্রিম অর্থ পেতে সক্ষম হতে পারেন। অগ্রিম অর্থ নেওয়ার আগে পরামর্শ নেওয়া গুরুত্বপূর্ণ। বেনিফিটের অগ্রিম অর্থপ্রদান অবশ্যই ফেরত দিতে হবে, এবং আপনার ভবিষ্যৎ বেনিফিটের অর্থপ্রদান থেকে অর্থটি নেওয়া হবে (একটি ঋণ)।

### 5 হার্ডশিপ পেমেন্ট

যদি আপনাকে মঞ্জুর করা হয়ে থাকে, তাহলে আপনি জবসেন্টারের কাছ থেকে হার্ডশিপ পেমেন্ট এর জন্য অনুরোধ করতে পারেন। হার্ডশিপ পেমেন্ট সবসময় অবিলম্বে দেওয়া হয় না, এবং সেগুলি সবার জন্য উপলব্ধ নয়। ইউনিভার্সাল ক্রেডিট এর হার্ডশিপ পেমেন্ট ফেরত দিতে হবে (একটি ঋণ), কিন্তু জব সীকার্স অ্যালাউন্স বা এমপ্লয়মেন্ট সাপোর্ট অ্যালাউন্সের হার্ডশিপ পেমেন্ট ফেরত দিতে হবে না (ঋণ নয়)।

### 6 একটি সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করুন

যদি আপনার বেনিফিট বন্ধ করা হয়/মঞ্জুর করা হয়/কমানো হয়/প্রত্যাখ্যান করা হয় বা আপনাকে অতিরিক্ত অর্থ প্রদান করা হয়, সেই ক্ষেত্রে আপনি একটি বেনিফিটের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করতে পারেন। বেশিরভাগ বেনিফিটের সিদ্ধান্ত এক মাসের মধ্যে চ্যালেঞ্জ করা প্রয়োজন।

## ধাপ 3: আমি কোথায় সাহায্য পেতে পারি? বিনামূল্যে এবং গোপনীয় সহায়তার জন্য

### এনফিল্ড কাউন্সিল

**কল্যাণ সংক্রান্ত পরামর্শ এবং ঋণ সহায়তা**
আয় এবং কাউন্সিলের ঋণ সংক্রান্ত সমস্যাগুলির জন্য একক যোগাযোগের বিন্দু, যা বাসিন্দাদের আয় সর্বাধিক করতে, কাউন্সিলের ঋণ পরিশোধ করতে এবং কাজ করার বাধাগুলি দূর করতে সহায়তা করে
www.enfield.gov.uk/financialhardship
**এই বিকল্পগুলির ক্ষেত্রে সাহায্য করে:** 1 2 3

**বাসস্থান সংক্রান্ত উপদেষ্টা পরিষেবা**
**যারা গৃহহীন অথবা গৃহহীন হওয়ার ঝুঁকিতে আছেন তাদের জন্য বাসস্থান সংক্রান্ত পরামর্শ ও সহায়তা**
housingadviceservice@enfield.gov.uk
new.enfield.gov.uk/services/housing
**এই বিকল্পের ক্ষেত্রে সাহায্য করে:** 1

### সিটিজেনস অ্যাডভাইস এনফিল্ড

বাসস্থান, কর্মসংস্থান, বেনিফিট, ঋণ বা অভিবাসন সংক্রান্ত সমস্যাগুলির মতো সমস্যাগুলির জন্য বিনামূল্যে, অ্যাক্সেসযোগ্য, উচ্চ মানের পরামর্শ
0808 278 7837 (ফ্রিফোন)
www.citizensadviceenfield.org.uk/contact-us
**এই বিকল্পগুলির ক্ষেত্রে সাহায্য করে:** 1 2 3 5 6

### সিটিজেনস অ্যাডভাইস ন্যাশনাল

www.citizensadvice.org.uk
**ইউনিভার্সাল ক্রেডিট দাবি করতে সাহায্য**
0800 144 8444 (ফ্রিফোন)
**এই বিকল্পগুলির ক্ষেত্রে সাহায্য করে:** 2 4

**ডেটলাইন**
0800 240 4420 (ফ্রিফোন)
**এই বিকল্পের ক্ষেত্রে সাহায্য করে:** 3

### এনফিল্ড ডেট সেন্টার

**দ্বিভাষিক ঋণ সহায়তা- ইংরেজি ও রোমানিয়ান**
07596 735 789
info@enfielddebt.org
www.sentlondon.co.uk/enfield-debt-centre
**বিকল্পগুলির ক্ষেত্রে সহায়তা:** 2 3 6

### ক্রিশ্চান্স এগেইন্স্ট পভার্টি

**এনফিল্ডে বিনামূল্যে ঋণ সহায়তা এবং বাজেটিং কোর্স**
0800 328 0006 (ফ্রিফোন)
www.capuk.org
**এই বিকল্পের ক্ষেত্রে সাহায্য করে:** 3

## ঋণ এবং বেনিফিট সংক্রান্ত অন্যান্য সহায়তা

### বেনিফিট সংক্রান্ত অন্যান্য সহায়তা

**এনফিল্ড কানেকশন্স**
**বেনিফিট সংক্রান্ত জিজ্ঞাসা, অনলাইন ফর্ম পূরণ এবং আরও অনেক কিছু সহ, অসহায় প্রাপ্তবয়স্কদের জন্য পরামর্শ ও সহায়তা**
0203 960 0129
info@enfieldconnections.org
স্ব-রেফারাল ফর্ম: www.bit.ly/EnfieldSelf

**এনফিল্ড কেয়ারার্স সেন্টার**
**বেনিফিট, অর্থ ব্যবস্থাপনা, এবং কর্মসংস্থান সংক্রান্ত পরামর্শ সহ পরিচর্যাকারীদের জন্য প্রশিক্ষণ, তথ্য ও সহায়তা**
www.enfieldcarers.org
0208 366 3677
info@enfieldcarers.org

**Turn2us**
**লোকেদের সঠিক পথে ফিরে যেতে সাহায্য করার জন্য তথ্য ও আর্থিক সহায়তা, যার মধ্যে বেনিফিট ক্যালকুলেটর এবং আপনি যে অনুদানগুলির আবেদন করতে পারেন সেগুলি অন্তর্ভুক্ত**
0808 802 2000
www.turn2us.org.uk

**প্রতিবন্ধকতা বেনিফিট সহ সমস্ত সুবিধার তালিকার জন্য www.gov.uk দেখুন:**
www.gov.uk/browse/benefits

### ঋণ সংক্রান্ত অন্যান্য সহায়তা

**সামাফাল**
**বিনামূল্যে কর্মসংস্থান পরিষেবা, অর্থ ব্যবস্থাপনা কোর্স এবং দ্বিভাষিক ঋণ সহায়তা - ইংরেজি, আরবি, সোমালি এবং তুর্কি**
info@samafal.org.uk | www.samafal.org.uk

**ডেট ফ্রি লন্ডন**
**ঋণের সমস্যা থাকা লন্ডনবাসীদের জন্য বিশেষজ্ঞ পরামর্শ। পরামর্শ পৃষ্ঠাগুলি পোলিশ, বাংলা, গুজরাটি, উর্দু এবং স্প্যানিশ ভাষায় অনুবাদ করা যেতে পারে**
0800 808 5700 | www.debtfree.london

**ন্যাশনাল ডেট লাইন**
**ফোনে এবং অনলাইনে বিনামূল্যে এবং স্বাধীন ঋণ সংক্রান্ত পরামর্শ**
0808 808 4000 | www.nationaldebtline.org

**স্টেপ চেঞ্জ**
**বিশেষজ্ঞ ঋণ পরামর্শ এবং অর্থ নির্দেশনা**
0800 138 1111 | www.stepchange.org

**স্টপ লোন শার্কস টিম**
**লোন শার্কের ক্ষেত্রে সাহায্য প্রয়োজন?**
**স্টপ লোন শার্কস টিমের সাথে যোগাযোগ করুন - কঠোরতম গোপনীয়তার সাথে**
0300 555 2222 | 07860 022 116 (টেক্সট)
reportaloanshark@stoploansharks.gov.uk
www.stoploansharks.co.uk

## আরো পরামর্শ ও সহায়তা

### এজ ইউকে এনফিল্ড
**50 বছরের বেশি বয়সীদের জন্য তথ্য, পরামর্শ, অ্যাডভোকেসি এবং বিভিন্ন ধরনের সুস্থতা পরিষেবা**
0208 375 4120
admin@ageukenfield.org.uk
www.ageuk.org.uk/enfield

### মাইন্ড ইন এনফিল্ড
**আপনি যদি মানসিক যন্ত্রণার মধ্য দিয়ে যান এবং মানিয়ে নিতে অসুবিধা হয়, তাহলে স্যাংচুয়ারি পরিষেবার সাথে যোগাযোগ করুন**
0208 906 7509 (স্যাংচুয়ারি)
0208 906 7506 (সাধারণ)
www.mindeb.org.uk

### এনফিল্ড ডিসেবিলিটি অ্যাকশন
**প্রতিবন্ধীদের জন্য ওয়ান স্টপ শপ হিসাবে কাজ করে**
0208 373 6228 | www.e-d-a.org.uk

### সিম্পলি কানেক্ট এনফিল্ড
**পরামর্শ, সমর্থন ও স্ব-সহায়তা, সুস্থ জীবনযাপন, সামাজিক গোষ্ঠী এবং কার্যকলাপ**
connectwell@enfieldva.org.uk
www.enfield.simplyconnect.uk

### শেল্টার (Shelter)
**আবাসন সম্পর্কে বিনামূল্য পরামর্শ**
0808 800 4444 (ফ্রিফোন)
www.england.shelter.org.uk

### হেলদি স্টার্ট ভাউচার (Healthy Start Vouchers)
**আপনার যদি আয় কম হয়, গর্ভবতী হন বা 4 বছরের কম বয়সী সন্তান থাকে, তাহলে ফল, শাকসবজি ও দুধ কিনতে সহায়তার জন্য।**
অনলাইনে আবেদন করুন: www.healthystart.nhs.uk

## সরকারি তহবিলের (NRPF) কোনো অবলম্বন নেই এমন অভিবাসীদের জন্য

### প্রোজেক্ট 17
**শিশু আছে এমন যে সমস্ত পরিবার NRPF থাকার কারণে গুরুতর দারিদ্র্য/গৃহহীনতার সম্মুখীন হয়েছে তাদের জন্য আবাসন এবং আর্থিক বিকল্পগুলির বিষয়ে পরামর্শ**
07963 509 044
www.project17.org.uk

### দ্য ইউনিটি প্রোজেক্ট
**প্রযোজ্য হলে, NRPF এর শর্ত সরানোর জন্য সহায়তা এবং অন্যান্য সহায়তা**
www.unity-project.org.uk

### হেলদি স্টার্ট ভাউচার (Healthy Start Vouchers)
অনলাইনে আবেদন করুন: www.healthystart.nhs.uk

## এই লিফলেট সম্পর্কে

এই লিফলেটটি স্কটল্যান্ডের 'এ মেনু ফর চেঞ্জ' প্রোজেক্ট থেকে শেখার উপর ভিত্তি ক'রে এবং নিচের সংস্থাগুলির সহায়তায় তৈরি করা হয়েছে। আপনি অনলাইনে www.foodaidnetwork.org.uk/cash-first-leaflets এ 'অর্থ সম্পর্কে উদ্বিগ্ন?' লিফলেটগুলি দেখতে পারেন। এই লিফলেটের তথ্য সর্বশেষ আপডেট করা হয়েছে 11/03/22 এ।.

**মতামত আছে?** আপনি এই নির্দেশিকার কোন বিষয়গুলিকে উপযোগী মনে করেছেন? www.bit.ly/moneyadvicefeedback

**Digital version**

www.worryingaboutmoney.co.uk/enfield